**২০২৪-২৫ অর্থবছরে ট্রেডিং কর্পোরেশন অব বাংলাদেশ (টিসিবি) কর্তৃক সম্পাদিত গুরুত্বপূর্ণ কার্যাবলির তথ্য নিম্নরূপ:**

- সারা বাংলাদেশে ০১ (এক) কোটি টিসিবি কার্ডধারী উপকারভোগী পরিবারের নিকট ভর্তুকি মূল্যে নিত্যপ্রয়োজনীয় পণ্য (মসুর ডাল, সয়াবিন তেল, চিনি) বিক্রয় কার্যক্রম চলমান রয়েছে। এছাড়া, সমগ্র বাংলাদেশে টিসিবি কর্তৃক প্রায় ০১ (এক) কোটি উপকার ভোগীর মধ্যে জানুয়ারী' ২০২৫ মাস হতে মার্চ '২০২৫ মাস পর্যন্ত ম্যানুয়াল কার্ডের পরিবর্তে স্মার্ট কার্ডের মাধ্যমে ও ভোক্তার রেজিষ্টার্ড মোবাইল নম্বরে ওটিপি এবং এনআইডি ব্যবহার করে জেলা প্রশাসনের প্রতিনিধির উপস্থিতিতে পণ্য বিক্রয় কার্যক্রম পরিচালিত হয়েছে। এপ্রিল'২০২৫ মাস হতে শুধু মাত্র স্মার্ট কার্ড ব্যবহার করে উপকারভোগীদের মধ্যে পণ্য বিক্রয় করা হচ্ছে।
- টিসিবির ডিলার নিয়োগ ব্যবস্থাপনা নীতিমালা-২০২৫ মোতাবেক প্রতিটি ওয়ার্ড/ইউনিয়ন/পৌরসভা/উপজেলা ভিত্তিক ডিলার নিয়োগ কার্যক্রম চলমান রয়েছে।
- বিগত বছর সমূহের তুলনায় অপেক্ষাকৃত কম মূল্য পণ্য ক্রয় করা হয়েছে এবং সরকারের ভর্তুকির পরিমাণ হ্রাস পেয়েছে। ২০২৩-২৪ অর্থবছরে ভর্তুকির পরিমাণ ছিল **৩৪১৬,৭৭,৬৫,৬০০.০০/- টাকা এবং ২০২৪-২৫ অর্থবছরে তা কমে দাঁড়ায় ২৭১৭,১৩,২৫,৮৬৩.৪৩/-** টাকা।
- টিসিবি'র সাথে ব্যবসা সহজীকরণার্থে স্থানীয় ও আন্তর্জাতিক সরবরাহকারী প্রতিষ্ঠানসমূহের অংশগ্রহণে Trade With TCB শীর্ষক আলোচনা সভা আয়োজন করা হয়েছে।
- বিভিন্ন অনিয়ম এবং ডিলার নীতিমালা অনুযায়ী যাচাই-বাছাই পূর্বক ৯২৯ জন ডিলারের ডিলারশীপ নবায়ন করা হয়নি এবং ৫৭৪ টি ডিলার বাতিল করা হয়েছে। ২০২৬ সালের জানুয়ারী মাস পর্যন্ত ডিলার ছিল প্রায় ৮,০০০ জন।
- সরকারের ভর্তুকি হ্রাসের লক্ষ্যে নিম্ন বর্ণিত কার্যক্রম গ্রহণ করা হয়েছে/প্রক্রিয়াধীন রয়েছে:
  ১। API এর মাধ্যমে টাকা হস্তান্তর করা হচ্ছে।
  ২। পণ্যের গড় ক্রয় মূল্য হ্রাস পেয়েছে **(২০২২-২৩ এই বছরগুলোর তুলনায় গত বছর ও চলতি বছর পণ্যের অর্থবছরে গড় ক্রয় মূল্য হ্রাস ছিল প্রতি কেজি/লিটার ১৫২.৯৪ টাকা, ২০২৩-২৪ অর্থবছরে ছিল প্রতি কেজি/লিটার ১৯০.০৭ টাকা, ২০২৪-২৫ অর্থবছরে ছিল প্রতি কেজি/লিটার ১৪২.২৮ টাকা এবং ২০২৫-২৬ অর্থবছরে হ্রাস পেয়ে গড় ক্রয়মূল্য প্রতি কেজি/লিটার ১৩৪.৪০ টাকা)।**
  ৩। সরকারের ভর্তুকি কমানোর লক্ষ্যে নতুন অন্তর্ভুক্ত ৪টি পণ্য (টয়লেট সোপ, লন্ড্রি সোপ, ডিটারজেন্ট পাউডার ও চা) বিক্রয় করা হয়েছে।